গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-২ শাখা
www.mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১১৮.১৫.০০৩.২১.৩০৪ — তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩২ / ০২ জুন ২০২৫

বিষয়: প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা হতে উৎপাদিত লাম্পি স্কিন ডিজিজ (এল,এস,ডি) ভ্যাকসিন এর ফি নির্ধারণ।

সূত্র: প্রাণিসম্পদ অধিদপ্তরের স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.১০৫.১৬.০০২.১৯-১১৭, তারিখ: ১৮ মে ২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে লাম্পি স্কিন ডিজিজ (এল,এস,ডি) ভ্যাকসিন এর নিম্নোক্তভাবে ফি নির্ধারণে সম্মতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| ক্রমিক | পরিষেবার বিবরণ | মোট ফি (টাকা) | |
|---|---|---|---|
| | | প্রতি মাত্রা | প্রতি ভায়াল (৫ মাত্রা) |
| ১ | এল.এস.ডি ভ্যাকসিন | ৫০.০০ (পঞ্চাশ) টাকা | ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) টাকা |

সংযুক্তি: বর্ণনামতে:

(মোহাম্মদ কামাল হোসেন)
উপসচিব
টেলিফোন: ২২২৩৩৫৬৬৯৮
ইমেইল: livestock-2@mofl.gov.bd

সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১১৮.১৫.০০৩.২১.৩০৪ — তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩২ / ০২ জুন ২০২৫

**অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। উপদেষ্টার একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
২। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অফিস কপি।

০২/০৬/২০২৫
(মোহাম্মদ কামাল হোসেন)
উপসচিব

LSD Vaccine

## ভ্যাকসিন স্ট্যাবিলিটি


লাইওফিলাইজড ভ্যাকসিন ২-৪° সে. এবং -২০° সে. তাপমাত্রায় সংরক্ষণ করলে যথাক্রমে ১ মাস এবং ১ বছর পর্যন্ত ভ্যাকসিনের গুণগতমান অপরিবর্তিত থাকে।

## ভ্যাকসিন পরিবহণ ও সংরক্ষণ

- সর্বদা যথাযথ কুলচেইন (Cool Chain) বজায় রেখে ভ্যাকসিন পরিবহন করতে হবে
- ভ্যাকসিনটি ২-৪° সে. তাপমাত্রায় অনধিক ১ মাস সংরক্ষণ করা যাবে
- দীর্ঘসময় সংরক্ষণের জন্য -২০° সে. তাপমাত্রা বজায় রাখা আবশ্যক।

## ✓ভ্যাকসিন প্রয়োগ বিধি

- লাইওফিলাইজ করা ভ্যাকসিন ট্যাবলেটটি প্রস্তুতকারকের নির্দেশনা অনুযায়ী পরিমাণ মতো ডাইল্যুয়েন্টের সাথে গোলাতে হবে
- গোলানো ভ্যাকসিনের ২ মি.লি. পরিমাণ ৩ মাস বা তদুর্ধ্ব বয়সের বাছুর থেকে শুরু করে প্রাপ্ত বয়স্ক প্রাণীতে প্রদান করা যাবে
- এক্ষেত্রে চামড়ার নিচে প্রয়োগ করতে হবে
- ডাইল্যুয়েন্টের সঙ্গে মিশ্রিত করার পর ২ ঘণ্টার মধ্যে ভ্যাকসিন প্রদান শেষ করতে হবে
- ভ্যাকসিনটির রোগ প্রতিরোধ ক্ষমতা ১ বছর পর্যন্ত স্থায়ী হয়।




## সতর্কতা

- কোন অবস্থায় অসুস্থ প্রাণীতে ভ্যাকসিন প্রয়োগ করা যাবে না
- অবশ্যই রেজিস্টার্ড ভেটেরিনারি ডাক্তারের পরামর্শক্রমে প্রয়োগ করতে হবে